-৩৫৫-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৪ শাখা
www.mor.gov.bd

বিষয়ঃ মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে রেলপথ মন্ত্রণালয় কর্তৃক কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ সেলিম রেজা, সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১২ অক্টোবর ২০২১ |
| সময় | : | সকাল ১১:০০ টা |
| স্থান | : | সভাকক্ষ (কক্ষ নং- ৯৩০), রেলভবন, ঢাকা |

**সভার উপস্থিতি:** সভায় বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা/বাজেট ও পরিবীক্ষণ/প্রশাসন) ও যুগ্মসচিব (বাজেট), বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/এমএন্ডসিপি/আরএস) ও মহাব্যবস্থাপক (পূর্ব), রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৩/প্রশাসন-৪/ প্রশাসন-৫/উন্নয়ন-২/উন্নয়ন-৩/আইন-১), সচিবের একান্ত সচিব (উপসচিব) এবং সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেয়া হলো।

২। **সভার প্রারম্ভিক আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি স্বাধীনতার মহান স্থপিত সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি পঁচাত্তরের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ শাহাদাত বরণকারী সকল শহীদের প্রতিও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, মহান বিজয় দিবস ১৬ ডিসেম্বর জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ একটি দিবস। এ দিবসটি যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদ্‌যাপন করতে হবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি রেলপথ মন্ত্রণালয় কর্তৃক কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে অনুরোধ জানান।

২.১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় সভায় বলেন, গত ১৭.০৮.২০২১ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। তিনি আন্ত:মন্ত্রণালয় সভায় জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে রেলপথ মন্ত্রণালয়ের কর্মসূচি গ্রহণসহ ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে ঢাকাস্থ কমলাপুর, চট্টগ্রাম ও রাজশাহী রেল স্টেশনে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি গ্রহণ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন।

২.২। অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে সভায় জানান, প্রতি বছরের ন্যায় এ বছর মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে ১৫ ডিসেম্বর ২০২১ তারিখ দিবাগত রাত ১২:০০ টায় ১(এক) মিনিট রেলওয়ের সকল কারখানায় সাইরেন এবং ট্রেনের হুইসেল বাজানো যেতে পারে।

২.৩। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে সভায় জানান, মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের অফিসার্স ক্লাব, ঢাকা, রাজশাহী ও চট্টগ্রামে আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ সন্ধ্যায় কর্মকর্তা ও তাদের পরিবারের সদস্যদের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র:নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **জাতীয় পতাকা উত্তোলন:** মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ রেলওয়ের সকল অফিস, স্টেশন, ওয়ার্কসপ ও রেলওয়ের সকল শিক্ষা-প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে ঢাকাস্থ রেলভবনসহ রেলওয়ের সকল অফিস, স্টেশন, ওয়ার্কসপ ও রেলওয়ের সকল শিক্ষা-প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| ২. | **রেলওয়ের অফিস ভবন/স্থাপনাসমূহ আলোকসজ্জা:** মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকাস্থ রেলভবন, কমলাপুর রেল স্টেশন, সিআরবি (চট্টগ্রাম) ও রাজশাহী অফিস এবং চট্টগ্রাম, সিলেট, রাজশাহী ও খুলনা রেল স্টেশনসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ সজ্জিতকরণ ও আলোকসজ্জা করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ১৬-৩১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত ঢাকাস্থ রেলভবন, কমলাপুর রেল স্টেশন, সিআরবি (চট্টগ্রাম) ও রাজশাহী অফিস এবং চট্টগ্রাম, সিলেট, রাজশাহী ও খুলনা রেল স্টেশনসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ সজ্জিতকরণসহ আলোকসজ্জাকরণ। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| ৩. | **ট্রেন সজ্জিতকরণ:** মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে চট্টগ্রাম, সিলেট, রাজশাহী ও খুলনা রুট হতে ঢাকা অভিমুখে আগত এবং ঢাকা থেকে বহির্গামী প্রহরের প্রথম ট্রেনটি সজ্জিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে চট্টগ্রাম, সিলেট, রাজশাহী ও খুলনা রুট হতে ঢাকা অভিমুখে আগত এবং ঢাকা থেকে বহির্গামী প্রহরের প্রথম ট্রেনটি সজ্জিতকরণ। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| ৪. | **কারখানায় সাইরেন এবং ট্রেনের ইঞ্জিনের হুইসেল বাজানো:** মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১৫ ডিসেম্বর ২০২১ তারিখ দিবাগত রাত ১২:০০ টায় ১(এক) মিনিট রেলওয়ের সকল কারখানায় সাইরেন এবং ট্রেনের ইঞ্জিনের হুইসেল বাজানোর বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ১৫ ডিসেম্বর ২০২১ তারিখ দিবাগত রাত ১২:০০ টায় ১(এক) মিনিট রেলওয়ের সকল কারখানায় সাইরেন এবং ট্রেনের ইঞ্জিনের হুইসেল বাজানো। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| ৫. | **মন্ত্রণালয়ের কার্যক্রম ভিত্তিক যান্ত্রিক বহর প্রদর্শনী:** মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে তেজগাঁও বিমান বন্দরস্থ জাতীয় প্যারেড স্কায়ারে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কার্যক্রম ভিত্তিক যান্ত্রিক বহরের প্রদর্শনীতে অংশগ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | তেজগাঁও বিমান বন্দরস্থ জাতীয় প্যারেড স্কায়ারে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কার্যক্রম ভিত্তিক যান্ত্রিক বহরের প্রদর্শনীতে অংশগ্রহণ। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>২. এডিজি (আরএস) বাংলাদেশ রেলওয়ে। |
| ৬. | **রেলওয়ের শিক্ষা-প্রতিষ্ঠানে কুচকাওয়াজ আয়োজন:** মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা-প্রতিষ্ঠানে কুচকাওয়াজ অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা-প্রতিষ্ঠানে কুচকাওয়াজ অনুষ্ঠান আয়োজন। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |

-৩৩৬



| | | | |
|---|---|---|---|
| ৭. | **রেলওয়ের বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের সংবর্ধনা:** মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের যে সকল কর্মকর্তা-কর্মচারী মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছেন সে সকল বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের ঢাকা, চট্টগ্রাম, পাকশী ও লালমনিরহাট ডিভিশনে সংবর্ধনা দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের ঢাকা, চট্টগ্রাম, পাকশী ও লালমনিরহাট ডিভিশনে সংবর্ধনা প্রদান। | ১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২. ডিআরএম (ঢাকা/ চট্টগ্রাম/পাকশী/ লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে। |
| ৮. | **সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন:** মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ সন্ধ্যায় রেলওয়ে অফিসার্স ক্লাব, ঢাকা, রাজশাহী ও চট্টগ্রামে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ সন্ধ্যায় রেলওয়ে অফিসার্স ক্লাব, ঢাকা, রাজশাহী ও চট্টগ্রামে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | ১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২. জিএম(পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |
| ৯. | **বিশেষ দোয়া ও মোনাজাত/প্রার্থনা:** মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা, শহিদ বীর মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধদের সুস্বাস্থ্য কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত/প্রার্থনা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা, শহিদ বীর মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধদের সুস্বাস্থ্য কামনা করে সুবিধাজনক সময়ে বিশেষ দোয়া ও মোনাজাত/প্রার্থনা আয়োজন। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| ১০. | **হাসপাতালে বিশেষ খাবার পরিবেশন:** মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের নিন্ত্রণাধীন হাসপাতালসমূহে বিশেষ খাবার পরিবেশনের বিষয়ে আলোচনা হয়। | আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ রেলওয়ের নিন্ত্রণাধীন হাসপাতালসমূহে বিশেষ খাবার পরিবেশন। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| ১১. | **আলোচনা সভা আয়োজন:** মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণ করে রেলপথ মন্ত্রণালয়ে সুবিধাজনক সময়ে "জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার" শীর্ষক আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | রেলপথ মন্ত্রণালয়ে সুবিধাজনক সময়ে "জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার" শীর্ষক আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন। | ১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২. অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ১২. | **রক্তদান কর্মসূচি:**<br>মহান বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে ঢাকাস্থ কমলাপুর, চট্টগ্রাম ও রাজশাহী রেলওয়ে স্টেশনে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে ঢাকাস্থ কমলাপুর, চট্টগ্রাম ও রাজশাহী রেলওয়ে স্টেশনে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজন। | ১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২. জিএম(পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১০/২০২১

(মোঃ সেলিম রেজা)
সচিব
রেলপথ মন্ত্রণালয়

নং- ৫৪.০০.০০০০.০৩৯.২৩.০১৬.১৯-৬১৭

তারিখঃ ২৭ ~~কার্তিক~~ আশ্বিন ১৪২৮ / ২৪ অক্টোবর ২০২১

বিতরণ- (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৪. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, কমলাপুর, ঢাকা।
৫. অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
৭. সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
৮. সিএমও (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
৯. ডিআরএম (ঢাকা/চট্টগ্রাম/পাকশী/লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা।
১০. সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৪/১০/২১

(মীর আলমগীর হোসেন)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩১১